দৈনিক ইনকিলাব

তারিখ ... 07 SEP 1992
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7

148

### উপরের ইন্ধনদাতাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হতে পারে

# ছাত্র দলের কেন্দ্রীয় কমিটি বাতিল ঢাকা বিশ্ববিদ্যালয়ে কার্যক্রম স্থগিত

॥ সৈয়দ মেসবাহ উদ্দিন ॥

প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া গতকাল রাতে জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয় কমিটি বাতিল করে দিয়েছেন, এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র দলের কার্যক্রম আপাততঃ স্থগিত রাখার নির্দেশ দিয়েছেন। এই সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রধানমন্ত্রী গতকাল গভীর রাতে বিএনপি'র নীতি নির্ধারকদের সাথে এক সংক্ষিপ্ত বৈঠকে বসেন।

উল্লেখ্য যে, বৃহস্পতিবার দিবাগত রাতে এবং শুক্রবার সকালে সংঘটিত ঘটনায় ছাত্র দলের ২ জন নেতার মৃত্যুর পর বিএনপি'র চেয়ারপারসন এ ব্যাপারে কঠোর মনোভাব গ্রহণ করেন। জাকার্তা থেকে ফিরে এসে প্রধানমন্ত্রী এ ব্যাপারে বিস্তারিত খোঁজ-খবর নেন।

গতকাল সকালে ছাত্র দলের নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর সাক্ষাত চেয়ে ব্যর্থ হন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী জাকার্তা যাবার পূর্বে বিবদমান দুই গ্রুপকে মিলে-মিশে কাজ করার জন্য নির্দেশ দিয়ে যান। কিন্তু তা সত্ত্বেও বৃহস্পতিবার এবং শুক্রবার আবার সংঘর্ষ হয় এবং ২ জনের প্রাণহানি ঘটে। এই ঘটনায় প্রধানমন্ত্রী ক্ষুব্ধ হন। প্রধানমন্ত্রী ছাত্র দলের যেসব নেতা এই সব সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে পারেন বলে আভাস পাওয়া গেছে।

একটি সূত্র জানিয়েছে, ছাত্র দলের ভেতর উদ্ভূত এ পরিস্থিতির মূল কোথায়, কোত্থেকে কে বা কারা উভয় গ্রুপের পেছনে থেকে সুতা টানছেন, কলকাঠি নাড়ছেন তাও প্রধানমন্ত্রী খতিয়ে দেখছেন। সূত্র মতে, ছাত্র দলের অভ্যন্তরীণ কোন্দলের জন্য বিএনপি'র উর্ধ্বতন মহলের কারো কারো ইন্ধন রয়েছে বলে যে ধারণা সৃষ্টি হয়েছে, প্রধানমন্ত্রী তাও বিশেষভাবে খতিয়ে দেখছেন। ছাত্র দলের বিবদমান দুই গ্রুপের নেতাদের প্রতি কোন কোন মন্ত্রীর কোমল অনুভূতি রয়েছে বলে কেউ কেউ অভিযোগ করেছেন। দলের ভেতর নীতি নির্ধারকদের মতে, কেবল নীচে সিদ্ধান্ত নিলেই হবে না। উপরের ইন্ধনদাতাদের বিরুদ্ধেও সিদ্ধান্ত নিতে হবে। তা যতো কঠিনই হোক। দল ও দেশের স্বার্থে সেই নির্মম কাজই প্রধানমন্ত্রীকে করতে হতে পারে বলে এই মহল আভাস দিয়েছেন।